ভোরের কাগজ

তারিখ ........................
পৃষ্ঠা ...২... কলাম ...৬......

NOV. 26 2002

সিন্ডিকেটের অনুমোদন

# ঢা.বির ৪ বছরের স্নাতক ডিগ্রি অন্যান্য ৪ বছরের ডিগ্রির সমতুল্য

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪ বছর মেয়াদি অনার্স ডিগ্রিকে দেশের অন্যান্য ৪ বছর মেয়াদি ডিগ্রির সমতুল্য করা হয়েছে। এখন থেকে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর চাকরির ক্ষেত্রে ● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৫

## ঢা.বির ৪ বছরের স্নাতক

● শেষের পাতার পর

এ ডিগ্রিধারী যোগ্য বলে বিবেচিত হবে। এ সংক্রান্ত বিশ্ববিদ্যালয় একাডেমিক পরিষদ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ গত রোববার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে অনুমোদন লাভ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রির মর্যাদা নির্ধারণ ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের রূপরেখার বিষয়ে বিশ্ববিদ্যালয় একাডেমিক পরিষদ সম্প্রতি উপউপাচার্য অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দারকে প্রধান করে একটি কমিটি গঠন করে। গঠিত কমিটির সুপারিশ অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে উপস্থাপন করা হয়। একাডেমিক পরিষদে গঠিত এ কমিটি সংশ্লিষ্ট বিষয়ে ৪টি সুপারিশ করে। এগুলো হচ্ছে '১. ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪ বছর মেয়াদি স্নাতক ডিগ্রিকে দেশের অন্যান্য ৪ বছরের মেয়াদি ডিগ্রির সমতুল্য গণ্য করা এবং সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর চাকরির ক্ষেত্রে এ ডিগ্রিধারীকে যোগ্য বলে গণ্য করা। ২. বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা মাস্টার্স ডিগ্রি হতে হবে। ৩. যারা ৪ বছর মেয়াদি স্নাতক সম্মান পরীক্ষায় পাস করবে তারা সবাই মাস্টার্স পর্যায়ে থিসিস অথবা নন-থিসিস গ্রুপে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ সিদ্ধান্ত নেবে। ৪. গ্রেডিং পদ্ধতি যতো শিগগির সম্ভব চালু করার বিষয়ে কমিটি সুপারিশ করে।

উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে সুপারিশগুলো নিয়ে আলোচনা হয়। পরে সিন্ডিকেট সভায় তা অনুমোদিত হয়।